

ঢাকা ওয়াসা

বিষয়ঃ- অস্থায়ী অগ্রিম প্রদান প্রসংগে।

৯১। মন্ত্রণালয়ের স্মারক নং ৪৬.০০.০০০০.০০০.০৫০.০৬.০১৮৭.২৪-২১, তাং-২৩/০১/২০২৫ইং তারিখে পত্রের প্রেক্ষিতে ঢাকা ওয়াসার ০২টি বিভাগ যথাক্রমে এফ এম বিভাগ-২ এবং মডুস জোন-২ এর ২০১০-২০১২, ২০১২-২০১৩, ২০১৫-২০১৬ এবং ২০১৭-২০২০ অর্থ বছরের মোট ১৪টি এসএফআই ভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আগামী ৩০/০১/২০২৫ ইং তারিখ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে একটি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের জন্য পত্র প্রেরণ করেছেন (কপি সংযুক্ত-১)।

৯২। ঢাকা ওয়াসার ০২টি বিভাগ যথাক্রমে এফ এম বিভাগ-২ এবং মডুস জোন-২ এর ২০১০-২০১২, ২০১২-২০১৩, ২০১৫-২০১৬ এবং ২০১৭-২০২০ অর্থ বছরের মোট ১৪টি এসএফআই ভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আগামী ৩০/০১/২০২৫ ইং তারিখ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে ঢাকা ওয়াসা ভবনের তুরাগ হলে, ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় উপস্থিত মন্ত্রণালয়ের সদস্য, স্থানীয় সরকার অডিট অধিদপ্তরের সদস্য ও ঢাকা ওয়াসার কর্মকর্তা বৃন্দের সম্মানী ভাতা, আপ্যায়ন, ফটোকপি, বই বাধাই ও আনুষঙ্গিক ব্যয় বাবদ সর্বমোট ৫৯,০০০/- (উনষাট হাজার) টাকা খরচ হবে যা নিম্নরূপঃ (সংযুক্তি নং-২)।

ক্রঃ নং	বিবরণ	সদস্য সংখ্যা	মোট
১।	সম্মানী	১৬	৩৮,৫০০/-
২।	আপ্যায়ন (নাস্তা ও দুপুরের খাবার)		১৫,০০০/-
৩।	ফটোকপি, বই বাধাই ও আনুষঙ্গিক বাবদ		৫,৫০০/-
			৫৯,০০০/-

৯৩। (ক) ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর ধারা ৩২ (১) এর “কর্তৃপক্ষ উহার কোন কর্মচারীকে সাময়িক প্রকৃতির কোন কর্ম-সম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এমন নব প্রবর্তনমূলক বা গবেষণা ও উন্নয়নমূলক কর্ম-সম্পাদনের জন্য সম্মানী অর্থ বা নগদ অর্থ বা পুরস্কার প্রদানের যৌক্তিকতা থাকিলে উক্ত সম্মানী বা পুরস্কার প্রদান করিতে পারিবে”।

(খ) ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর ধারা ৩২ (২) এর “উপ-প্রবিধান (১) এর অধীনে কোন সম্মানী বা নগদ অর্থ পুরস্কার মঞ্জুর করা হইবে না, যদি এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক তাহা সুপারিশকৃত না করা হয়” মর্মে উল্লেখ রহিয়াছে (সংযুক্তি নং-৩ দ্রঃ)। ঢাকা ওয়াসা’য় এই ধরনের কাজের সম্মানী প্রদানের কোন রেইট নির্দিষ্ট করা নেই। সাধারণত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমেই এই ধরনের সম্মানী ভাতা প্রদান করা হয়ে থাকে। সম্মানী প্রদান সংক্রান্ত ঢাকা ওয়াসা’র ও অর্থ মন্ত্রণালয়ের পূর্বের কয়েকটি অফিস আদেশ/হার পুনঃ নির্ধারণের কপি এতদসংগে সংযুক্ত করা হলো (সংযুক্তি নং-৪, ৫, ৬ ও ৭ দ্রঃ)।

